উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

উপজেলা- মীরসরাই, জেলা- চট্টগ্রাম

পরিকল্পনা প্রণয়নে

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, মীরসরাই, চট্টগ্রাম

সমন্বয়ে

সুশীলন
Shushilan

জুলাই ২০১৪

সার্বিক সহযোগিতায়

কম্প্রিহেন্সিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

UKaid · European Union · Norwegian Embassy · Sweden · Australian Aid · UNDP

মুখবন্ধ

বাংলাদেশ একটি দুর্যোগ প্রবণ দেশ। ভৌগোলিক অবস্থান, জলবায়ু ও আবহাওয়ার তারতম্যের কারণে স্থানভেদে এদেশে প্রতি বছর বন্যা (নদীবাহিত/বৃষ্টিপাত জনিত), টর্নেডো (ঘুর্ণিঝড়), খরা/অনাবৃষ্টি, ভূমিকম্প, ঘন কুয়াশার মত বিভিন্ন ধরণের আপদ আঘাত হানে। বাংলাদেশ একটি নদীমাতৃক দেশ হওয়ায় প্রায় প্রতিবছর এলাকা ভিত্তিক নদী ভাঙ্গনের শিকার বহু লোক ভিটেমাটি ছাড়া হয়ে নিঃস্ব হয়ে পড়ে এবং নদী-খাল ভরাট জনিত কারণে এলাকা ভিত্তিক অধিবাসীদের সংশ্লিষ্ট নানা ধরণের আপদের সম্মুখীন হতে হয়। এ ছাড়াও মানব সৃষ্ট ও শিল্প কারখানা জনিত বিভিন্ন ধরণের আপদ প্রতিনিয়ত মানুষকে আতংকগ্রস্থ করে রাখে। এ সমস্ত আপদের প্রভাবে সহায় সম্পদসহ জান-মাল, পশু সম্পদ ও ফসলের ব্যাপক ক্ষতি সাধিত হয়। এর ফলে শুধু আক্রান্ত জনগোষ্ঠী-ই ক্ষতিগ্রস্থ হয় তা নয়, জাতীয় সম্পদ এবং অর্থনীতিতেও ব্যাপকভাবে এর প্রভাব পরিলক্ষিত হয়। দুর্যোগ প্রবণ দেশ হলেও পূর্বে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার মাধ্যমে মানুষের সহায় সম্পদসহ জান-মাল, পশু সম্পদ ও ফসলের ক্ষয়ক্ষতি হ্রাস করার সুদুর প্রসারী কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। সুষ্ঠু পরিকল্পনা ব্যতিরেকে শুধুমাত্র ত্রাণ ও পুনর্বাসনকেই বেশী প্রাধান্য দেয়া হয়েছে। সম্প্রতি বাংলাদেশ সরকার সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচীর (CDMP-II) মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা বিষয়ক এক কর্মসূচী হাতে নিয়েছে। এই কর্মসূচীর আওতায় প্রাথমিকভাবে সমাজের বিভিন্ন স্তরের জনসাধারণ, ইউনিয়ন ও উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সমন্বয়ে স্থানীয় ঝুঁকি চিহ্নিত করে তা পর্যালোচনার মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রনয়ণের উদ্যোগ নেয়া হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনায় স্থানীয় আপদসমূহ চিহ্নিত করে দুর্যোগ পূর্ব প্রস্তুতি গ্রহন ও ঝুঁকি নিরসনের জন্য মহাদেবপুর উপজেলায় কার্যকরী একটি দুর্যোগ ব্যবস্থা পরিকল্পনা প্রনয়ণ করা হয়েছে যা স্থানীয় পর্যায়ে দুর্যোগ ঝুঁকি মোকাবেলায় সুদুর প্রসারী অবদান রাখতে পারবে বলে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি মনে করে।

কর্মপরিকল্পনাটি প্রনয়ণে এলাকার নারী-পুরুষ, কৃষক-ভূমিহীন, প্রবীণ ও তথ্য প্রদানে সক্ষম অন্যান্য স্থানীয় জনগোষ্ঠীর প্রতিনিধি, ইউনিয়ন এবং উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির (UDMC) সদস্যবৃন্দ সরাসরি সম্পৃক্ত ছিলেন। বিশেষ করে অত্র এলাকায় কর্মরত 'সুশীলন' এর কর্মকর্তা ও গবেষকদের নিষ্ঠা ও অক্লান্ত পরিশ্রম স্থানীয় পর্যায়ে পরিকল্পনা প্রণয়নে যথাযথ অবদান রেখেছে। এ কর্ম প্রচেষ্টা ও অক্লান্ত পরিশ্রমের ফলে চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি একটি বাস্তবসম্মত দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হয়েছে। অত্র উপজেলায় প্রণীত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনায় দুর্যোগ মোকাবেলায় গুরুত্বপূর্ণ বিষয় সমুহ প্রাধান্য লাভ করেছে। তম্মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে পরিবার ও সমাজ পর্যায়ে দুর্যোগ ঝুঁকি সম্পর্কে গনসচেতনতা সৃষ্টি, স্থানীয় সম্পদ ব্যবহারের মাধ্যমে দুর্যোগ পূর্ব প্রস্তুতি গ্রহন এবং দুর্যোগ কালীন সময়ে অপসারণ, উদ্ধার, চাহিদা নিরুপণ, ত্রাণ ও তাৎক্ষনিক পুনর্বাসন ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রনীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ, দুর্যোগ পরিকল্পনায় অংশগ্রহন এবং কার্যকর অংশীদারীত্ব যা বাস্তবায়িত হলে আপদ সংশ্লিষ্ট স্থানীয় ঝুঁকি সমুহ অনেকাংশে হ্রাস পাবে এবং জনগণের সহায় সম্পত্তি, জানমাল এবং ফসলের ক্ষয়ক্ষতির পরিমাণ কমিয়ে আনা সম্ভব হবে। পাশাপাশি দুর্যোগ পূর্ব, দুর্যোগ কালীন ও দুর্যোগ পরবর্তী প্রস্তুতি গ্রহন, দুর্যোগ ঝুঁকি হ্রাসে স্থানীয় অবকাঠামো ও অ-অবকাঠামো, সামাজিক সম্পদ ও নিরাপদ স্থানসমূহের তালিকা প্রনয়ন, ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ, সর্বাধিক বিপদাপন্ন এলাকা চিহ্নিত করণ, ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ, জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব নিরুপণ, উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমুহ চিহ্নিত করণ এবং বিভিন্ন সামাজিক সংগঠন সমুহের স্বেচ্ছাসেবক তালিকা প্রনয়ন করা হয়েছে।

২০১৪ সালে সিডিএমপি'র সহায়তায় প্রনীত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি প্রনয়নে যে সকল সরকারী এবং বেসরকারী সংস্থা ও ব্যক্তিবর্গ সক্রিয়ভাবে অংশগ্রহণ ও পরামর্শ প্রদান করেছেন তাদেরকে আমি আন্তরিক ভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি। আমি আশাবাদী, স্থানীয় জনগন, স্থানীয় প্রশাসন ও বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের সমন্বয়ে মীরসরাই উপজেলায় প্রণীত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারী, আন্তর্জাতিক ও জাতীয় এনজিও, দাতা সংস্থা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে কাজ করবে।

সদস্য সচিব	সভাপতি
২৮/০৮/১৪	২৮/০৮/১৪
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং	উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং
প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	উপজেলা চেয়ারম্যান
মীরসরাই উপজেলা	মীরসরাই উপজেলা
চট্টগ্রাম জেলা	চট্টগ্রাম জেলা

সূচীপত্র

মুখবন্ধ	Ii
সূচিপত্র	iii
টেবিলের তালিকা	vi
মানচিত্রের তালিকা	vii
প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি	**১-১১**
১.১ পটভূমি	১
১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্য	২
১.৩ মীরসরাই উপজেলার পরিচিতি	২
১.৩.১ উপজেলার ভৌগলিক অবস্থান	২
১.৩.২ আয়তন	২
১.৩.৩ জনসংখ্যা	৩
১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো	৪
১.৪.১ অবকাঠামো	৪
১.৪.২ সামাজিক সম্পদ	৬
১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু	৮
১.৪.৪ অন্যান্য সম্পদ	৯
দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা	**১২-২৫**
২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস	১২
২.২ ইউনিয়নের আপদ সমুহ	১২
২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ভবিষ্যৎ চিত্র	১৩
২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা	১৪
২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা	১৫
২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমুহ	১৬
২.৭ সামাজিক মানচিত্র	২০
২.৮ দূর্যোগ এবং ঝুঁকি মানচিত্র	২১
২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি	২২
২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি	২২

২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা ২৩
২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা ২৩
২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব ২৩

তৃতীয় অধ্যায়: দুর্যোগঝুঁকি হ্রাস **২৬-৩৭**

৩.১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ ২৬
৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ ২৮
৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা ৩১
৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা ৩৩
৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি ৩৩
৩.৪.২ দুর্যোগ কালীন প্রস্তুতি ৩৫
৩.৪.৩ দুর্যোগ পরবর্তী প্রস্তুতি ৩৬
৩.৪.৪ স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময়ের ব্যবস্থাদি ৩৭

চতুর্থ অধ্যায়: জরুরী সাড়া প্রদান **৩৮-৫৫**

৪.১ জরুরী সাড়া প্রদান (EOC) ৩৮
৪.১.১ জরুরী কন্ট্রোল রুমপরিচালনা ৩৮
৪.২ আপদ কালীন পরিকল্পনা ৩৯
৪.২.১ স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা ৪১
৪.২.২ সতর্কবার্তা প্রচার ৪১
৪.২.৩ জনগণকে অপসারণের ব্যবস্থাদি ৪১
৪.২.৪ উদ্ধার ও প্রাথমিক চিকিৎসাপ্রদান ৪১
৪.২.৫ আশ্রয়কেদ্র রক্ষনাবেক্ষন ৪১
৪.২.৬ নৌকা প্রস্তুত রাখা ৪২
৪.২.৭ দূর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরুপন ও প্রতিবেদন প্রেরণ ৪২
৪.২.৮ ত্রান কার্যক্রম সমন্বয় করা ৪২
৪.২.৯ শুকনা খাবার, জীবন রাক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা ৪২
৪.২.১০ গবাদী পশুর চিকিৎসা/টিকা ৪২

৪.২.১১ মহড়ার আয়োজন করা ৪২
৪.২.১২ জরুরী কন্ট্রোল রুম (EOC) পরিচালনা ৪৩
৪.২.১৩ আশ্রয়কেন্দ্র / নিরাপদ স্থান সমুহ ৪৩
৪.৩ উপজেলার নিরাপদ স্থান সমুহের তালিকা ও বর্ননা ৪৩
৪.৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন ৪৭
৪.৫ উপজেলার সম্পদের তালিকা (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে) ৫১
৪.৬ অর্থায়ন ৫২
৪.৭ কর্ম পরিকল্পনা হালনাগাদ করণ ও পরীক্ষা করণ ৫৩
পঞ্চম অধ্যায়ঃ উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা ৫৬-৮১
৫.১ ক্ষয়ক্ষতি মূল্যায়ন ৫৬
৫.২ দ্রুত/ আগাম পুনরুদ্ধার ৫৭
৫.২.১ প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠা ৫৭
৫.২.২ ধ্বংসাবশেষ পরিস্কার ৫৭
৫.২.৩ জনসেবা পুনরারম্ভ ৫৭
৫.২.৪ জরুরী জীবীকা সহায়তা ৫৮
সংযুক্তি ১: আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেক লিষ্ট ৫৯
সংযুক্তি ২ :উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ৬১
সংযুক্তি ৩: উপজেলার সেচ্ছাসেবকদের তালিকা ৬৩
সংযুক্তি ৪: আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তালিকা ৬৯
সংযুক্তি ৫: এক নজরে মীরসরাই উপজেলা ৭২
সংযুক্তি ৬: বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ন অনুষ্ঠান সূচী ৭৩
সংযুক্তি ৭: উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে মত বিনিময়/শেয়ারিং এবং সুপারিশ সমুহ ৭৪
সংযুক্তি ৮: শিক্ষা প্রতিষ্ঠানের নাম,আবস্থান,শিক্ষক ও শিক্ষার্থীর সংখ্যা ৭৫
সংযুক্তি ৯: সাইক্লোন ৮১
সংযুক্তি ১০: অতিবৃষ্টি ৮২
সংযুক্তি ১১:পাহাড়ী ঢল ৮৩

সংযুক্তি ১২: ভূমি ধ্বস ৮৪

সংযুক্তি ১৩: অস্বাভাবিক জোয়ার ৮৫

টেবিলের তালিকা পৃষ্ঠা

টেবিল নম্বর ১.১: জিও কোড নম্বর সহ ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম। ৩

টেবিল নম্বর ১.২: ইউনিয়ন ভিত্তিক পুরুষ, মহিলা, শিশু, বৃদ্ধ, প্রতিবন্ধি, পরিবার ও ভোটার সংখ্যা। ৪

টেবিল নম্বর ১.৩: এলজিডি এর তথ্য মতে এক নজরে মীরসরাই উপজেলার রাস্তা। ৫

টেবিল নম্বর ১.৪: এক নজরে মীরসরাই উপজেলার হাট বাজার ৫

টেবিল নম্বর ১.৫ : মীরসরাই উপজেলার ঈদগাঁহ্ ৬

টেবিল নম্বর ১.৬: মীরসরাই উপজেলার কবরস্থান ৮

টেবিল নম্বর ২.১: দুর্যোগের নাম, বছর, ক্ষতির পরিমান ও ক্ষতিগ্রস্থ ক্ষাতসমূহ। ১২

টেবিল নম্বর ২.২: উপজেলার আপদ সমুহ ১২

টেবিল নম্বর ২.৩: আপদ ভিত্তিক বিপদাপন্নতা ও সক্ষমতা। ১৪

টেবিল নম্বর ২.৪ :আপদ ভিত্তিতে সর্বাধিক বিপদাপন্ন এলাকা ,বিপদাপন্নের কারণ ও বিপদাপন্ন জনসংখ্যা। ১৫

টেবিল নম্বর ২.৫: উন্নয়নের খাত ও দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়। ১৬

টেবিল নম্বর ২.৬: মাস ভিত্তিতে আপদের দিনপঞ্জি। ২২

টেবিল নম্বর ২.৭: জীবিকার মৌসুমী দিনপঞ্জি ২২

টেবিল নম্বর ২.৮ :জীবন ও জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা। ২৩

টেবিল নম্বর ২.৯: খাত ভিত্তিক আপদ ও ঝুঁকি। ২৩

টেবিল নম্বর২.১০: খাত ভিত্তিক জলবায়ু পরিবর্তন ও তার সম্ভাব্য প্রভাব। ২৪

টেবিল নম্বর ৩.১: মীরসরাই উপজেলায় চিহ্নিত ঝুঁকির কারণসমূহ। ২৬

টেবিল নম্বর ৩.২: মীরসরাই উপজেলার চিহ্নিত ঝুঁকিসমূহ নিরসনের সম্ভাব্য উপায়। ২৮

টেবিল নম্বর ৩.৩: এনজিওদের উন্নয়ন পরিকল্পনা ৩১

টেবিল নম্বর ৩.৪: দুর্যোগ পূর্ব প্রস্তুতির কার্যক্রম, লখ্য মাত্রা,বাজেট, বাস্তবায়ন ও সমন্বয় ৩৩

টেবিল নম্বর ৩.৫: দুর্যোগ কালীন প্রস্তুতির কার্যক্রম, লখ্য মাত্রা,বাজেট, বাস্তবায়ন ও সমন্বয় ৩৫

টেবিল নম্বর ৩.৬: দুর্যোগ পরবর্তী প্রস্তুতির কার্যক্রম, লখ্য মাত্রা,বাজেট, বাস্তবায়ন ও সমন্বয় ৩৬

টেবিল নম্বর ৩.৭: স্বাভাবিক সময়ে প্রস্তুতির কার্যক্রম, লখ্য মাত্রা,বাজেট, বাস্তবায়ন ও সমন্বয় ৩৭
টেবিল নম্বর ৪.১: জরুরী অপারেশন সেন্টার কমিটির সদস্য তালিকা ৩৮
টেবিল নম্বর ৪.২: আপদ কালীন কর্মপরিকল্পনা বাস্তবায়নের ছক। ৩৯
টেবিল নম্বর ৪.৩: উপজেলার নিরাপদ স্থান সমূহের তালিকা ও বর্ণনা ৪৩
টেবিল নম্বর ৪.৪: উপজেলার আশ্রয় স্থান সমূহের তালিকা ও বর্ণনা ৪৮
টেবিল নম্বর ৪.৫: দুর্যোগকালে ব্যবহারযোগ্য উপজেলার অবকাঠামো/ সম্পদ ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ৫১
টেবিল নম্বর ৪.৬: পরিকল্পনা ফলোআপ কমিটির তালিকা। ৫৪
টেবিল নম্বর ৪.৭: পরিকল্পনা বাস্তবায়ন ও রক্ষনাবেক্ষন কমিটির তালিকা। ৫৪
টেবিল নম্বর ৫.১: খাত ভিত্তিক ক্ষয়ক্ষতির মূল্যায়ন। ৫৬
টেবিল নম্বর ৫.২: প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠাকরণ কমিটির তালিকা। ৫৭
টেবিল নম্বর ৫.৩: ধ্বংসাবশেষ পরিস্কারকরণ কমিটির তালিকা। ৫৭
টেবিল নম্বর ৫.৪: জনসেবা পুনরাম্ভকরণ কমিটির তালিকা। ৫৭
টেবিল নম্বর ৫.৫: জরুরী জীবিকা সহায়তাপ্রদান কমিটির তালিকা। ৫৮

মানচিত্রের তালিকা **পৃষ্টা**

মানচিত্র ১.১: মীরসরাই উপজেলার মানচিত্র ১১
মানচিত্র ২.১: মীরসরাই উপজেলার সামাজিক মানচিত্র ২০
মানচিত্র ২.১: মীরসরাই উপজেলার আপদ ও ঝুঁকি মানচিত্র ২১
মানচিত্র ৯: সাইক্লোন ৮১
মানচিত্র ১০: অতিবৃষ্টি ৮২
মানচিত্র ১১: পাহাড়ী ঢল ৮৩
মানচিত্র ১২: ভূমি ধ্বস ৮৪
মানচিত্র ১৩: অস্বাভাবিক জোয়ার ৮৫

প্রথম অধ্যায়
স্থানীয় এলাকা পরিচিতি

১.১ পটভূমি

বাংলাদেশ বিশ্বের মানচিত্রে অন্যতম একটি দুর্যোগপ্রবন দেশ। এদেশে প্রতিটি জেলাই কম বেশি দুর্যোগে আক্রান্ত হয়। চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলা **এ উপজেলাগুলোর মধ্যে অন্যতম।** এটি চট্টগ্রাম জেলা সদর হতে ৬০ কিঃমিঃ দুরত্বে অবস্থিত। চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলা ১৬টি ইউনিয়ন নিয়ে ১৯১৭ সালের ১৫ জুলাই প্রতিষ্ঠা হয়। ঐ সালের ২১ সেপ্টেম্বর গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার পর ১৯১৮ সালের ১ জানুয়ারী থেকে আনুষ্ঠানিকভাবে মীরসরাই থানার কার্যক্রম চালু হয়। অধিকাংশ মানুষই কৃষিজীবী। উপজেলার প্রায় সর্বত্র ক্ষুদ্র নৃগোষ্ঠিদের অবস্থান লক্ষনীয়। মীরসরাই সাধারণ নির্বাচনী এলাকা হিসাবে ২৭৮, চট্টগ্রাম-১ (মীরসরাই) এর আওতাভুক্ত। মীরসরাই উপজেলার প্রধান সমস্যা নদীভাঙ্গন ও সাইক্লোন । এ **উপজেলায় প্রায় প্রতি বছর দুর্যোগ হয় এবং জনসাধারন এর জীবন ও জীবিকার উপর বিরুপ প্রভাব ফেলে। প্রতি বছর বিভিন্ন দুর্যোগে পতিত হলেও উপজেলা পর্যায়ে কোন রকম পরিকল্পনার প্রতিফলন দেখা যায়নি। সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনার অংশ হিসাবে এই দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি** চট্টগ্রামের মীরসরাই **উপজেলার জন্য প্রনয়ন করা হয়েছে।**

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রতিক্রিয়া থেকে দরিদ্র ও বিপদাপন্ন জনসাধারনের সুরক্ষা এবং একইসঙ্গে দেশের অর্থনৈতিক উন্নয়নের ধারাবাহিকতা রক্ষার উদ্দেশ্যে 'দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়' সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচীর (সিডিএমপি) অধীনে স্থানীয় জনগোষ্ঠীর দুর্যোগ ঝুঁকি নিরসনকল্পের অংশ হিসেবে একটি বহুমুখী পূর্ব প্রস্তুতিমূলক পরিকল্পনা প্রনয়নের সিদ্ধান্ত নিয়েছে। যেহেতু উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনায়, জলবায়ু পরিবর্তনের ভবিষ্যৎ বিপদাপন্নতা মোকাবেলায় জনসাধারণের আর্থসামাজিক উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য, আবাসন ও অন্যান্য অবকাঠামোগত উন্নয়নের আগ্রাধিকার নিরূপণ ও বাস্তবায়ন কৌশল নির্ধারণ করা হয়েছে সেহেতু এ সম্পর্কে সংশ্লিষ্ট সকলের ধারনা থাকা খুবই গুরুত্বপূর্ণ।

এই দলিলের ১ম থেকে ৩য় অধ্যায়ে মীরসরাই উপজেলার সামাজিক, অর্থনৈতিক, প্রাকৃতিক ও অবকাঠামোগত সংক্ষিপ্ত বর্ণনা, কৌশলপত্রের প্রাসঙ্গিকতা, অন্তর্নিহিত কারণগুলোর রূপরেখা ও উপজেলায় জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব, ভিন্ন ভিন্ন অভিযোজন কৌশলের বিবরণ এবং দুর্যোগ ব্যবস্থাপনায় সক্ষমতা বাড়ানো ও প্রতিরোধ ক্ষমতা অর্জনের উদ্দেশ্যে ৩-৫ বছরের কর্মপরিকল্পনার সংক্ষিপ্ত রূপরেখা দেয়া হয়েছে। ৪র্থ ও ৫ম অধ্যায়ে সাধারণ মানুষ, বিশেষত সমাজ-রাজনৈতিক কর্মী ও উন্নয়ন কর্মীদের অংশগ্রহনে দুর্যোগ ব্যবস্থাপনায় সক্ষমতা বাড়ানো ও প্রতিরোধ ক্ষমতা অর্জনের উদ্দেশ্যে প্রাতিষ্ঠানিকিকরনের রূপরেখা দেয়া হয়েছে। দুর্যোগের স্থায়ী আদেশাবলীতে ঝুঁকিহ্রাস ও কন্টিনজেন্সী পরিকল্পনাকে অন্তর্ভুক্ত করে জেলা, উপজেলা, পৌরসভার ও সিটিকর্পোরেশন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা প্রণয়নের সুপারিশ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা বিষয়টি সিডিএমপি খুবই গুরুত্বের সাথে নিয়েছে। পরিকল্পনার স্থায়ীত্বশীলতা ও কার্যকারিতা, নিবিড় এবং ফলাফলধর্মী কর্মপদ্ধতি, সংশ্লিষ্ট সংগঠন, প্রতিষ্ঠানের ও জনগোষ্ঠীর অংশগ্রহণের উপর নির্ভরশীল। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি ৩-৫ বছরের জন্য করা হবে।

১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্য

জলবায়ু পরিবর্তনের ফলে প্রাকৃতিক দুর্যোগের ধরন পরিবর্তনের সম্ভাবনা রয়েছে। এ প্রেক্ষিতে জলবায়ু পরিবর্তনজনিত দুর্যোগ মোকাবেলা করার জন্য মাঠ পর্যায়ের যেকোন কার্যকরী সর্বোত্তম উদ্যোগকে জাতীয়ভাবে নীতিনির্ধারণী পর্যায়ে উপস্থাপন করা প্রয়োজন। বর্তমানে দুর্যোগ বাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় সার্বিক দুর্যোগ বাবস্থাপনা কর্মসূচীর (সিডিএমপি) মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠীর ঝুঁকি নিরূপণ ও হ্রাসকল্পে একটি বহুমুখী কর্মপরিকল্পনা হাতে নিয়েছে। এই কর্মসূচীর আওতায় বাংলাদেশ সরকার ত্রাণ ও পুনর্বাসন নির্ভর দুর্যোগ ঝুঁকি মোকাবেলা কৌশল পরিবর্তন করে দীর্ঘমেয়াদি ঝুঁকি মোকাবেলা কার্যক্রম হাতে নিয়েছে যার প্রধান প্রধান উদ্দেশ্যগুলো হল-

- পরিবার ও সমাজ পর্যায়ে **দুর্যোগ** এর ঝুঁকি সর্ম্পকে গনসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাস করণে পরিবার সমাজ ইউনিয়ন প্রশাসন, উপজেলা ও জেলা প্রশাসন পর্যায়ে বাস্তব সম্মত উপায় উদ্ভাবন করা।
- স্থানীয় উদ্যোগে যথা সম্ভব স্থানীয় সম্পদ ব্যবহার এর মাধ্যমে ঝুঁকিহ্রাস করণ ও ব্যবস্থাদির বাস্তবায়ন পদ্ধতির উন্নয়ন সাধন, অপসারণ, উদ্ধার, চাহিদা নিরুপণ, ত্রাণ ও তাৎক্ষণিক পুর্নবাসন ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ।
- একটি নির্দিষ্ট এলাকার এবং নির্দিষ্ট সময় এর জন্য কৌশলগত দলিল তৈরী করা।
- **দুর্যোগ** ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারি, আন্তঃর্জাতিক, এনজিও ও দাতা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসাবে কাজ করবে।
- **দুর্যোগ** ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এর নির্দেশনা প্রদান করে।
- সংশ্লিষ্ট কমিউনিটির **দুর্যোগ** পরিকল্পনায় আন্তরিক অংশগ্রহণ, কার্যকর অংশীদারত্ব ও মালিকানাবোধ জাগ্রত করা।

১.৩ স্থানীয় এলাকা পরিচিতি

চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলা ১৬টি ইউনিয়ন নিয়ে ১৯১৭ সালের ১৫ জুলাই প্রতিষ্ঠা হয়। ঐ সালের ২১ সেপ্টেম্বর গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার পর ১৯১৮ সালের ১ জানুয়ারী থেকে আনুষ্ঠানিকভাবে মীরসরাই থানার কার্যক্রম চালু হয়।

১.৩.১ উপজেলার ভৌগোলিক অবস্থান

স্থলপথে চট্টগ্রামের প্রবেশ পথ মীরসরাই। পশ্চিমে সাগর ও ফেনী নদী ঘেরা বিশাল বিস্তৃত চরাঞ্চল, পূর্বে সুউচ্চ পর্বতমালা বেষ্টিত বনভূমি, মাঝে উত্তর-দক্ষিণে ২৫কি.মি.'র অধিক দীর্ঘ সমতল ভূমি নিয়ে গঠিত মীরসরাই প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি। বাংলাদেশের দক্ষিন-পূর্বাংশে অবস্থিত চট্টগ্রাম জেলার ১৪টি উপজেলার মধ্যে মীরসরাই একটি উপজেলা। এর আয়তন ৪৮২.৮৮ বর্গ কিঃমিঃ। ভূমি প্রকৃতি সমতল ও উঁচু। গড় বৃষ্টিপাত ১৩৫ সেঃমিঃ। মীরসরাই উপজেলা প্রায় ২২°-৩৯′ ও ২২°-৫৯′ উত্তর অক্ষাংশ এবং ৯১°-২৬′ ও ৯১°-৩৮′ পূর্ব দ্রাঘিমাংশের মধ্যে অবস্থিত। এর উত্তর ও পশ্চিমে ফেনী নদী, ছাগলনাইয়া, সোনাগাজী উপজেলা ও সন্দ্বীপ চ্যানেল, দক্ষিণে সীতাকুন্ড এবং পূর্বে পাহাড়ী এলাকা ও ফটিকছড়ি উপজেলা। মীরসরাই উপজেলার মধ্য দিয়ে ফেনী নদী ও মুহুরী এ দুটি নদী প্রবাহিত হয়েছে।

১.৩.২ আয়তন

মীরসরাই উপজেলা মোট ১৬ টি ইউনিয়ন রয়েছে যা মোট ৪৮২.৮৮ বর্গ কিঃ মিঃ এলাকা নিয়ে গঠিত। এর উত্তরে ফেনী জেলার সোনাগাজী, ফেনী সদর ও ছাগলনাইয়া উপজেলা, উত্তর-পূর্বে চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলা, দক্ষিণে সীতাকুন্ড এবং পশ্চিমে সন্দ্বীপ চ্যানেল (বঙ্গোপসাগর) অবস্থিত। এ অঞ্চলে মোট মৌজার সংখ্যা ১১৩টি, মোট গ্রামের সংখ্যা ২০৯টি এবং মোট পরিবার (খানা) ৬৯১৮৪টি।

টেবিল ১.১: উপজেলা, ইউনিয়ন ও ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম

উপজেলার নাম ও জিও কোড	ইউনিয়নের নাম ও কোড	ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম
মীরসরাই (৫৩)	ধুম (২২)	চরকালিদাশ, ধুম, মোবারকগঞ্জ, নাহেরপুর। মোট মৌজার সংখ্যা=৪টি
	দূর্গাপুর (২৪)	দূর্গাপুর, গোপালপুর, হাজীস্বরাই, হরিহরপুর, জনার্ধনপুর, রধুনাথপুর, রায়পুর, শেখরজনার্ধনপুর। মোট মৌজার সংখ্যা=৮টি
	হাইতকান্দি (২৭)	বালিয়াদি, দক্ষিনমুরাদপুর, হাইতকান্দি, জগদিশপুর, কুড়ুয়া, পূর্বমায়ানি(অংশ)। মোট মৌজার সংখ্যা=৬টি
	হিঙ্গুলি (২৮)	আজমনগর, জামালপুর, পশ্চিমহিংগুলি,পূর্বহিংগুলি, সোনারপাহাড়(অংশ)। মোট মৌজার সংখ্যা=৫টি
	ইছাখালী (২৯)	পশ্চিম ইছাখালী,পূর্ব ইছাখালী, উত্তর ইছাখালী। মোট মৌজার সংখ্যা=৩টি
	করেরহাট (৩৫)	বালিরচর, বড়াইয়া, ভালুকিয়া, ছাতাড়ুয়া, দক্ষিনআলিনগর, গেড়ামারা, জয়পুর, পূর্বজোয়ার, কাটা পশ্চিম জোয়ার, কাটাগাং, পশ্চিম আলিনগর, পশ্চিম জোয়ার, পূর্ব আলিনগর, রামগড় সীতাকুন্ডু। মোট মৌজার সংখ্যা=১৩টি
	কাটাছড়া (৪১)	বামনসুন্দর, বানিয়াখালি, আদিলপুর, কাটাছড়া, ,পশ্চিমমিঠানালা, তেমোহনীমুরাদপুর। মোট মৌজার সংখ্যা=৬টি
	খৈয়াছড়া (৪৭)	দুয়ারু, হাসাদায়ন পূর্ব মেঘাদিয়া, মধ্যে মেঘাদিয়া, পশ্চিম খৈয়াছড়া, পলমোগরা, পূর্ব খৈয়াছড়া, পূর্ব মায়ানী। মোট মৌজার সংখ্যা=৭টি
	মায়ানী (৫৩)	পশ্চিম মায়ানী, পূর্ব মায়ানী। মোট মৌজার সংখ্যা=২টি
	মীরসরাই (৫৯)	গোবানিয়া, কিসমতজাফরাবাদ, মহাছিলিমপুর, মিঠাছড়া, মঠবাড়িয়া, পূর্বমঘাদিয়া, পূর্বমিঠানালা,রাঘবপুর। মোট মৌজার সংখ্যা=৮টি
	মিঠানালা (৬৫)	গিনাল, মধ্যোমুরাদপুর, মিঠানলারাজাপুর, পশ্চিমমালিয়াইস, পূর্বমালিয়াইস, রহমতাবাদ, সৈয়দপুর, উত্তরমুরাদপুর। মোট মৌজার সংখ্যা=৮টি
	মঘাদিয়া (৭১)	কচুয়া, মধ্যোমঘাদিয়া। মোট মৌজার সংখ্যা=২টি
	ওসমানপুর (৭৭)	আজমপুর, বনসখালি, বৃন্দাবাদপুর, ফতেপুর, মোরগঙ্, ওসমানপুর, পটাকোট, রোকান্দিপুর, সাহেবপুর। মোট মৌজার সংখ্যা=৯টি
	সাহেরখালি (৮৩)	দক্ষীনমগাদিয়া, ডোমখালী, শেখরখালি। মোট মৌজার সংখ্যা=৩টি
	ওয়াহেদপুর (৮৯)	বড়কামালদহ, ছোটকামালদহ, গাছবাড়িয়া, খাজুরিযা, মাঝিগাঁও, সাতবাড়িয়া, ওয়াহেদপুর। মোট মৌজার সংখ্যা=৭টি
	জোরারগঞ্জ (৯৫)	ভগবতীপুর, দেওয়ানপুর, গোবিন্দপুর, গোপিনাথপুর, ইমামপুর, খিঁলমুরারি, নন্দনপুর, পরগালপুর, পূর্বতাজপুর, সোনাপাহাড়। মোট মৌজার সংখ্যা= ১০টি

তথ্যসূত্র: আদমশুমারী, ২০১১

১.৩.৩ মীরসরাই উপজেলার জনসংখ্যা

মীরসরাই উপজেলায় মোট লোকসংখ্যা ৩৭০৮৯৬ জন এর মধ্যে পুরুষ ১৭৩৬৪৫ ও মহিলা ১৯৭২৫১ জন এবং নারী পুরুষ অনুপাত ৯৯: ১০০। এই উপজেলায় মুসলিম ৩৪৩৩৭৪ জন, হিন্দু ৪৯২৬৬ জন, খ্রীষ্টান ৭০ জন, বৌদ্ধ ৪৮৫২ জন এবং বিভিন্ন প্রকার উপজাতি যেমন-সাঁওতাল, বানুয়া, কোচ ও রাজবংশী রয়েছে ১১৫৪ জন। এ উপজেলায় লোক সংখ্যার ঘনত্ব ৭৬৪ জন (প্রতি বর্গ কিলোমিটারে) এবং বার্ষিক জনসংখ্যার বৃদ্ধির হার ১.৩০%।

টেবিল ১.২: ইউনিয়ন ভিত্তিক পুরুষ, মহিলা, শিশু, বৃদ্ধ, প্রতিবন্ধি, পরিবার ও ভোটার সংখ্যা

ইউনিয়ন জিও কোড	পুরুষ	মহিলা	শিশু (০-১৫)%	বৃদ্ধ (৬০+)%	প্রতিবন্ধি (%)	মোট জনসংখ্যা	পরিবার/ খানা	ভোটার
২২	৭৭০৬	৯০৬৪	৩৪.৯	৯.১	১.৯	১৬৭৭০	৩৪১৯	১০৯১৭
২৪	১০০৭৭	১১০৫১	৩১.৯	৯.৪	১.৮	২১১২৮	৪৩৫১	১৪৩৮৮
২৭	৮৭৩৯	১০৩১২	৩৩.৪	৯.৩	১.৯	১৯০৫১	৩৭০০	১২৬৮৮
২৮	১৩৮২৭	১৫৩০৬	৩৩.৭	৮.৬	১.৮	২৯১৩৩	৫৮৮৯	৯৮১৭
২৯	১২৭৯২	১৫১৮৮	৩৭.১	৮.৮	১.৭	২৭৯৮০	৫২০৫	১৭৬০০
৩৫	১৭১৭৩	১৮২৯৪	৩৭.১	৮.১	১.০	৩৫৪৬৭	৭৩৬২	২২৩০৯
৪১	১০৭৩০	১২৮৬৬	৩৪.৯	৯.৬	১.৭	২৩৫৯৬	৪৩৬৬	১৫৩৬১
৪৭	১১০৮১	১২৩৪২	৩৩.৩	৮.৩	১.৬	২৩৪২৩	৪৮৭৯	১৫৬২৪
৫৩	৮৫১১	৯৭৭৪	৩৩.৬	৯.৬	১.৪	১৮২৮৫	৩৫৪৯	৬১৪৩
৫৯	৭৯৫৩	৮৮৭৫	৩৪	৯.১	১.৩	১৬৮২৮	৩১৬৪	১১১০৭
৬৫	১০৩৯৫	১২৭১৪	৩৩.৭	৯.৮	২.০	২৩১০৯	৪৪৪৫	১৫৩২২
৭১	১০৭৬১	১২৬৪৫	৩৪.১	৯.৬	১.৭	২৩৪০৬	৪৮৩২	১৫৪২৫
৭৭	৬৬৪৫	৮০০০	৩৪.৬	৯.৬	২.১	১৪৬৪৫	৩০৪৬	৯৫৭৮
৮৩	৭৫৭৬	৯৩৩৬	৩৫.১	৯.৬	২.১	১৬৯১২	৩০৪৯	১০৯৭৬
৮৯	১১৮৫০	১৩১৩১	৩৩.১	৮.৬	১.০	২৪৯৮১	৪৭৫২	১৬৭১৩
৯৫	১৭৮২৯	১৮৩৫৩	৩৪.১	৮.১	১.৩	৩৬১৮২	৭৬৩১	২৩৮৪৪
মোট	১৭৩৬৪৫	১৯৭২৫১	৩৪.২৮	৯.০৭	১.৬৪	৩৭০৮৯৬	৬৬০০৮	১৯৯৩৬২

তথ্যসূত্র: আদমশুমারী, ২০১১

১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্য

মীরসরাই মুলতঃ কৃষি প্রধান উপজেলা। এখানকার সিংহভাগ মানুষের জীবিকার প্রধান উৎস কৃষি। তাই এখানে গড়ে উঠেছে বেশ কিছু কৃষি ভিত্তিক শিল্প প্রতিষ্ঠান। উপজেলার সকল ওয়ার্ড, ইউনিয়ন পল্লী বিদ্যুতের আওতাধীন। উপজেলায় বেশ কয়েকটি ক্ষুদ্র ও কুটির শিল্প এবং বৃহৎ শিল্প প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে হাঁস-মুরগীর খামার, গবাদিপশুর খামার, অটো রাইস মিল, ছাপা খানা, ঝালাই কারখানা, কোল্ডস্টোরেজ, ইট-ভাটা এবং বিভিন্ন ধরনের কুটির শিল্প অন্যতম। এছাড়াও শিল্পো-কলকারখানা বরফকল, আটাকল, স'মলি ইত্যাদি রয়েছে। বাস টার্মিনাল ও পেট্রোল পাম্প সহ যোগাযোগ ব্যবস্থা উন্নত হওয়ায় ব্যবসা বাণিজ্যের বিস্তার লাভ করেছে বহুলাংশে।

১.৪.১ অবকাঠামো

বাঁধ

মীরসরাই উপজেলায় ধুম, দূর্গাপুর, ইছাখালী, মীরসরাই, ওসমানপুর ও সাহেরপুর ইউনিয়নে মোট ৬টি বাঁধ রয়েছে। বাঁধ ৬টি মীরসরাই উপজেলাকে রক্ষাকরাসহ **দুর্যোগের সময় আশ্রয়স্থল হিসেবে ব্যবহৃত হয়ে থাকে।**

স্লুইচ গেট

মীরসরাই উপজেলায় করেরহাট, খৈয়াছরা, দূর্গাপুর, জোয়ারগঞ্জ, ইছাখালী, মীরসরাই, ওসমানপুর ও সাহেরপুর ইউনিয়নে মোট ১১টি স্লুইচগেট রয়েছে। স্লুইচগেটগুলো বন্যা ও জোয়ারের পানিসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের সময় মীরসরাই উপজেলাকে রক্ষা করে।

ব্রীজ ও কালভার্ট

মীরসরাই উপজেলায় ১০০৪ টি ব্রীজ ও কালভার্ট রয়েছে। ব্রীজ ও কালভার্টগুলো বন্যা ও জোয়ারের পানিসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের সময় মীরসরাই উপজেলাকে রক্ষা করে।

রাস্তা

মীরসরাই উপজেলায় মোট ১২৭৩.১৮**কি.মি. রাস্তা রয়েছে। রাস্তাগুলো দুর্যোগের সময় আশ্রয়স্থল হিসেবে ব্যবহৃত হয়ে থাকে।**

টেবিল ১.৩: উপজেলার রাস্তার তথ্য

রাস্তার প্রকার	রাস্তার সংখ্যা	রাস্তার দৈর্ঘ্য (কি.মি.)
উপজেলা রাস্তা	**১৪**	**১০৩.৯৩**
ইউনিয়ন রাস্তা	**২৪**	**১১৬.২৯**
গ্রাম্য রাস্তা এ	**৩৭৬**	**৯২০.৪৮**
গ্রাম্য রাস্তা বি	**৬১**	**১৩২.৪৮**

তথ্য সূত্র: এলজিইডি, ২০১৪

সেচ ব্যবস্থা

মীরসরাই উপজেলায় মোট **জমি** ৪৪৫৬৭ **হেক্টর। এ সব জমিতে সেচের জন্য ব্যবহৃত হয় ৯৯০টি গভীর নলকুপ, ৮টি অগভীর নলকূপ, ৬৩২টি শক্তি চালিত পাম্প। এছাড়াও এ** উপজেলায় রয়েছে উল্লেখযোগ্য তিনটি সেচ প্রকল্প- দূর্গাপুরের মহামায়া সেচ প্রকল্প, ইছাখারীর মুহুরী সেচ প্রকল্প ও ওয়াহেদপুরের বাওয়াছড়া সেচ প্রকল্প।

হাটবাজার

মীরসরাই উপজেলায় ৩৩টি হাট-বাজার রয়েছে।

টেবিল ১.৪: উপজেলার হাটবাজারের তথ্য

হাট-বাজারের নাম	হাট-বাজারের ঠিকানা	হাট-বাজারের নাম	হাট-বাজারের ঠিকানা
আজমপুর বাজার	ওসমানপুর, মীরসরাই	কয়লা বাজার	করের হাট, মীরসরাই
আবুতোরাব বাজার	আবুতোরাব, মীরসরাই	গজারিয়া বাজার	সাহেরখারী, মীরসরাই
আবুরহাট বাজার	আজমপুর, মীরসরাই	চৌধুরীহাট বাজার	দেওয়ানপুর, মীরসরাই
এছাক ড্রাইভারহাট বাজার	পূর্ব ইছাখালী, মীরসরাই	ছত্তর ভূইয়ারহাট বাজার	বাড়ীয়াখালী, মীরসরাই
কমর আরী বাজার	দক্ষিণ হাইতকান্দি, মীরসরাই	ছোট কমলদহ বাজার	ছোট কমলদহ, মীরসরাই
করেরহাট বাজার	কাটাগাং, মীরসরাই	জোরারগঞ্জ বাজার	দক্ষিণ সোনাপাহাড়, মীরসরাই
কৈলাশগঞ্জ বাজার	আবুতোরাব, মীরসরাই	ঝুলনপুল বাজার	ঝুলনপুল, মীরসরাই
চৈতন্যেরহাট বাজার	হাজীষশ্বরাই, মীরসরাই	টেকেরহাট বাজার	পশ্চিম ইছাখালী, মীরসরাই
ঠাকুর বাজার	মঘাদিয়া, মীরসরাই	ঠাকুরদিঘী বাজার	পূর্ব দুর্গাপুর, মীরসরাই
বামনসুন্দর দারোগার হাট	বামন সুন্দর, মীরসরাই	ডাকঘর বাজার	জাফরাবাদ, মীরসরাই
বড়তাকিয়া বাজার	বড়তাকিয়া, মীরসরাই	ভরাদ্বাজ চৌধুরীরহাট বাজার	কাটাছড়া, মীরসরাই
মঘাদিয়া সাধুর বাজার	গজারিয়া, মীরসরাই	মাদবারহাট বাজার	ইছাখালী, মীরসরাই
মিঠাছরা বাজার	পূর্ব দুর্গাপুর, মীরসরাই	সমিতিরহাট বাজার	ডোমখালী, মীরসরাই
মিঠানালা বোর্ড অফিস বাজার	মিঠানালা, মীরসরাই	সরকারহাট বাজার	নিজামপুর, মীরসরাই
মিঠানালা ভোরের বাজার	মিঠানালা, মীরসরাই	সাহেরখালী ভোরের বাজার	সাহেরখারী, মীরসরাই
সুফিয়া বাজার	পূর্ব মিঠানালা, মীরসরাই	হাদি ফকির হাট	হাদি ফকিরহাট, মীরসরাই

১.৪.২ সামাজিক সম্পদ

ঘরবাড়ি

মীরসরাই উপজেলায় সাধারণত খড়, বাঁশ, টালি, টিন, ইট, মাটি ইত্যাদি উপকরণ ঘরবাড়ি তৈরীর কাজে ব্যবহার করা হয়। এ উপজেলার ঘরবাড়ির মধ্যে **৯.৬% পাকা, ৯.২% আধা পাকা, ৭৯.২% কাঁচা এবং ২.১% ঝুপড়ি রয়েছে।**

পানি

মীরসরাই উপজেলায় ৪৫৫৩টি নলকূপ (জনস্বাস্থ্য প্রকৌশল কর্তৃক সরবরাহকৃত) রয়েছে। মীরসরাই উপজেলায় ১.৬% ট্যাপ, ৯৩.৯% টিউবয়েল এবং ৪.৫% অন্যান্য উৎস হতে পানি সংগ্রহ করে থাকে।

পয়ঃনিস্কাশন ব্যবস্থা

মীরসরাই উপজেলায় **১৫.৭% ওয়াটার সিলড, ৬০.৫% নন-ওয়াটার সিলড, ২১.৭% নন-স্যানিটারি, ২.১% কোন স্যানিটারি ব্যবস্থা নাই।**

শিক্ষা প্রতিষ্ঠান/ পাঠাগার

মীরসরাই উপজেলায় ১৪৫টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৩৮টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ৩টি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়, ২টি জুনিয়র উচ্চ বিদ্যালয়, ৪৬টি উচ্চ বিদ্যালয় (যার মধ্যে বালিকা ৬টি), ২০টি দাখিল মাদ্রাসা, ২টি আলিম মাদ্রাসা, ৪টি ফাজিল মাদ্রাসা, ১টি কামিলমাদ্রাসা ও ১ টি পাঠাগার রয়েছে। মীরসরাই উপজেলায় ৬টি কলেজ (যার মধ্যে ৫টি সহপাঠ কলেজ ও ১টি মহিলা কলেজ) রয়েছে। এছাড়াও রয়েছে ৮টি বেসরকারী এতিম খানা। এ উপজেলার শিক্ষার হার ৬৫% যার মধ্যে পুরুষ ৬৮% ও মহিলা ৬২%।

ধর্মীয় প্রতিষ্ঠান

সামাজিক সৌহার্দ্য, সাম্প্রদায়িক সম্প্রীতি ও পারস্পরিক ভালবাসা এবং শান্তিপূর্ণ সহাবস্থানের ক্ষেত্রে মীরসরাই অঞ্চলের মানুষের রয়েছে হাজার হাজার বছরের ঐতিহ্য ও সুনাম। মীরসরাই উপজেলায় ৫২০টি মসজিদ, ২৬টি মন্দির, ৪টি গীর্জা ও ৯টি প্যাগোডা রয়েছে।

ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাহ্)

মীরসরাই উপজেলায় মোট ৮২ টি ঈদগাহ্ রয়েছে। ঈদগাহগুলোর মধ্যে করেরহাট, মীরসরাই, মিঠানলা, সাহেরখালিসহ কয়েকটি ইউনিয়নের ঈদগাহ্ দুর্যোগের সময় আশ্রয়স্থল হিসেবে ব্যবহৃত হয়।

টেবিল ১.৫: উপজেলার ঈদগাহ্ এর তথ্য

ইউনিয়নের নাম	ঈদগাহ্ সমুহ
করেরহাট	কাটাগাং ঈদগাহ, ছত্তরুয়া ঈদগাহ, সরকারতালুক ঈদগাহ, পশ্চিম জোয়ার ঈদগাহ, জয়পুর পূর্ব জোয়ার ঈদগাহ, কয়লা ঈদগাহ, অলিনগর ঈদগাহ, বদ্দ ভবানী ঈদগাহ। মোট ঈদগাহের সংখ্যা= ৮টি
হিঙ্গুলী	ঈদগাহ্ আজম নগর মোল্লা বাড়ি ঈদগা মযদান, গাউছিয়া ঈদগা মযদান, মুনু ভুঞাঁ বাড়ী ঈদগা মযদান; মোট ঈদগাহের সংখ্যা=৩টি
ধুম	মৌলভী আক্রাম আলী ঈদগাহ, বলাকা পুকুর ঈদগাহ, শান্তির হাট মাদ্রাসা ঈদগাহ, নাহেরপুর মাদ্রাসা ঈদগাহ, মোবারক ঘোনা ঈদগাহ, কালা কাজী ঈদগাহ;মোট ঈদগাহের সংখ্যা=৬টি
কাটাছড়া	উত্তর কাটাছরা ঈদগাহ ময়দান, তেতৈয়া ঈদগাহ ময়দান, ফকির গ্রাম ঈদগাহ, ফয়জিয়া মদিনাতুল উলম মাদ্রাসার ঈদগাহ, ছাবিদ আলী মুহুরী বাড়ী ঈদগাহ, মালানা লকিয়ত উল্যা শাহার ঈদগাহ, নজরুল বাজার ঈদগাহ, আবদুস ছত্তার ভূইয়ার হাট ঈদগাহ ময়দান, মুরাদ পুর শাহী জামে মসজিদ ঈদগাহ, বামন সুন্দর ঈদগাহ; মোট ঈদগাহের সংখ্যা=১০টি

ইউনিয়নের নাম	ঈদগাহ্ সমুহ
মীরসরাই	কিছমত জাফরাবাদ কেন্দ্রীয় ঈদগাহ, মিঠাছরা কেন্দ্রীয় ঈদগাহ, মিরসরাই ষ্টেশন ঈদগাহ; মোট ঈদগাহের সংখ্যা=৩টি
মিঠানলা	হসুফিয়া নুরিয়া ফাযিল মাদ্রাসা ঈদগাহ, গাজীয়ে বালাকোট আলহাজ্ব হযরত শাহসূফী নুর মোহাম্মদ নিজামপূরী (র:) ঈদগাহ্, পশ্চিম মলিয়াইশ গোলাম রসুল ফোরকানীয়া মাদ্রাসা ঈদগাহ, সৈয়দপুর সুফী নূর মোহাম্মদীয়া ছিদ্দিকীয়া মাদ্রাসা ঈদগাহ, সৈয়দপুর মুরাদআলী ভঁইয়া বাড়ী জামেমসজিদ ঈদগাহ; মোট ঈদগাহের সংখ্যা=৫টি
মঘাদিয়া	আবুতোরাব বাজার মাদ্রাসা বড় মসজিদ ঈদগাহ, শেখেরতালুক মসজিদ ঈদগাহ, মঘাদিয়া মিয়াপাড়া ঈদগাহ, সাধুরবাজার ঈদগাহ, খোরমাওয়ালা ঈদগাহ; মোট ঈদগাহের সংখ্যা=৫টি
মায়ানী	মধ্যম সৈদালী জামে মসজিদঈদগাহ, দক্ষিণ সৈদালী জামে মসজিদ ঈদগাহ, বাইতুর নুর জামে মসজিদ ঈদগাহ, মনু ভূঁঞা পাড়া জামে মসজিদ ঈদগাহ, ভূঁঞা পাড়া ঈদগাহ, মাঝি গ্রাম ঈদগাহ, খোনার পাড়া ঈদগাহ, আনন্দর বাজার ঈদগাহ; মোট ঈদগাহের সংখ্যা=৮টি
হাইতকান্দি	বালিয়াদি নতুন হাট ঈদগাহ, বালিয়াদি মীর্জা পাড়া জামে মসজিদ ঈদগাহ, মহালংকা ফিতুর মোহাম্মদ ভূঁইয়া ঈদগাহ, কমর আলী বাজার ঈদগাহ, হাইতকান্দি কেন্দ্রীয় ঈদগাহ, তারাকাঠিয়া ঈদগাহ, কুরুয়া ঈদগাহ, উত্তর হাইতকান্দি ঈদগাহ, উত্তর হাইতকান্দি জামে মসজিদ ঈদগাহ, কমর আলী কেন্দ্রীয় ঈদগাহ; মোট ঈদগাহের সংখ্যা=১০টি
ওয়াহেদপুর	ওয়াহেদপুর ঈদগাহ, মাওলানা নুর আহম্মদ (রহ) ঈদগাহ; মোট ঈদগাহের সংখ্যা=২ টি
সাহেরখালি	হাসমত আলী ঈদগাহ, নয়া বাজার জামে মসজিদ ঈদগাহ, খেয়ার হাট দাখিল মাদ্রাসা ও মসজিদের ঈদগাহ, আলী মসজিদ ঈদগাহ, ছমদ আলী ভূইয়া বাড়ী, হইয়া মিয়া মসজিদ ঈদগাহ, চেরাজুল হক চৌ: বাড়ী জামে মসজিদের ঈদগাহ, উত্তর সাহেরখালী মৌল্লা পাড়া ঈদগাহ, সাহেরখালী কেন্দ্রীয় ঈদগাহ ময়দান, শেখ ইব্রাহিম ঢোলা ঈদগাহ, আলী মিয়া চৌধুরী পাড়া ঈদগাহ ময়দান, পশ্চিম সাহেরখালী ঈদগাহ ময়দান, জামাল সফি প্রা:বিদ্যলয় সংলগ্ন ঈদগাহ, পূর্ব সাহেরখালী জামে মসজিদ সংলগ্ন ঈদগাহ, বদি উদ্দিন জামে মসজিদ সংলগ্ন ঈদগাহ, লমি সারেং জামেমসজিদ ঈদগাহ, সৈকত জামে মসজিদ ঈদগাহ, জীবন ভূইয়া জামে মসজিদ ঈদগাহ, মাওলানা ইদ্রিছ মিয়া ঈদগাহ, ডোমখালী ঈদগাহ মাঠ, পূর্ব ডোমখালী ঈদগাহ, পূর্ব ডোমখালী ঈদগাহ। মোট ঈদগাহের সংখ্যা=২২ টি

তথ্য সুত্র: ইউনিয়ন পরিষদসমূহ, ২০১৪

স্বাস্থ্য সেবা

মীরসরাই উপজেলায় ০১টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ১৪টি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও ২০টি কমিউনিটি ক্লিনিক রয়েছে।

ব্যাংক

মীরসরাই উপজেলায় ২৬টি ব্যাংক রয়েছে । এ **উপজেলাধীন সর্বসাধারণের জন্য যে ব্যাংকগুলো সেবা দিয়ে যাচ্ছে তার মধ্যে উল্লেখযোগ্য হল** সোনালী ব্যাংক, ইসলামী ব্যাংক, সোসাল ইসলামী ব্যাংক, এনসিসি ব্যাংক, ন্যাশনাল ব্যাংক, আনসার বিডিপি, অগ্রণী ব্যাংক, জনতা ব্যাংক, কৃষি ব্যাংক, উত্তরা ব্যাংক, পুবালী ব্যাংক, রুপালী ব্যাংক ইত্যাদি।

পোস্ট অফিস

মীরসরাই উপজেলার প্রধান ডাকঘর ও শাখাসহ ৩০টি ডাকঘর এবং টেলিফোন এক্সচেঞ্জ ১টি রয়েছে। এগুলো দুর্যোগের সময় সাহায্য করে থাকে।

ক্লাব/ সাংস্কৃতিক কেন্দ্র

মীরসরাই উপজেলায় ৬৪ টি ক্লাব আছে। এছাড়াও অভিনন্দন ক্লাব নামে একটি **ক্রীড়াসংগঠন** রয়েছে যা বাঁশখালীতে (মুহুরী প্রজেক্ট বাজার) অবস্থিত।

এন জি ও/ স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ

মীরসরাই উপজেলায় বেশ কিছু স্থানীয় এন.জি.ও কর্মরত রয়েছে। তার মধ্যে উল্লেখযোগ্য হল-ব্র্যাক, আশা, সিসিডিপি, প্রযুক্তী পীঠ, গ্রামীন শক্তি, প্রশিকা, সিসিডি, পিকেএসএফ, পল্লী উন্নয়ন সংস্থা ইত্যাদি। এ ছাড়াও এ উপজেলায় ২টি কেন্দ্রীয় সমবায় সমিতি, ২টি মুক্তিযোদ্ধা সমবায় সমিতি, ৩টি ইউনিয়ন বহুমুখী সমবায় সমিতি, ৮৫টি বহুমুখী সমবায় সমিতি, ৫টি মৎস্য সমবায় সমিতি, ৩টি আশ্রয়ন/আবাসন বহুমুখী সমবায় সমিতি, ৩টি কৃষক সমবায় সমিতি, ২টি ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি, ৩টি চালক সমবায় সমিতি ও ১৯টি অন্যান্য সমবায় সমিতি রয়েছে ।

খেলার মাঠ

প্রাচীনকাল থেকেই মীরসরাই উপজেলার জনেগাষ্ঠী ক্রীড়ামোদী। এখানে প্রতিবছরই বিভিন্ন টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। এখানকার জনপ্রিয় খেলার মধ্যে বর্তমানে ক্রিকেট ও ফুটবলের আধিপত্য দেখা গেলেও অন্যান্য খেলাও পিছিয়ে নেই। মীরসরাই বেশ কয়েকটি খেলার মাঠ রয়েছে। এর মধ্যে মীরসরাই স্টেডিয়াম-শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত।

কবরস্থান / শ্মশানঘাট

মীরসরাই উপজেলায় মোট ৮৮৭টি কবরস্থান ও ১৩৫টি শ্মশানঘাট রয়েছে।

টেবিল ১.৬: উপজেলার কবরস্থানের তথ্য

কবরস্থানের নাম	কবরস্থানের অবস্থান	কবরস্থানের নাম	কবরস্থানের অবস্থান
সফিউর রহমান মসজিদ কবরস্থান	বৃন্দাবনপুর	হলুদ মসজিদ কবরস্থান	পাতাকোট
আজিম মুহুরী বাড়ীর কবরস্থান	বৃন্দাবনপুর	দৌলত বিবি মসজিদ কবরস্থান	আজমপুর
দলিলুর রহমান মেস্ত্রী বাড়ীর কবরস্থান	বৃন্দাবনপুর	ভূঁইয়া জামে মসজিদ কবরস্থান	আজমপুর
জালাল সাহেবের বাড়ীর কবরস্থান	বৃন্দাবনপুর	চৌধুরী সারেং কবরস্থান	সাহেবপুর
নৈচু মিঝি কবরস্থান	বাঁশখালী	বড়মসজিদ কবরস্থান	সাহেবপুর
বাঁশখালী জামে মসজিদ কবরস্থান	বাঁশখালী	ঘাট মাঝির কবরস্থান	ওচমানপুর
রোকন্দিপুর কবরস্থান	রোকন্দিপুর	নেয়াজি পুকুর কবরস্থান	ওচমানপুর
ওচমানপুর কবরস্থান	ওচমানপুর	ফাতেহপুর কবরস্থান	মরগাং
ঘীনা কাজী বাড়ীর কবরস্থান	মরগাং	গনী মুহুরী কবরস্থান	মরগাং

তথ্য সূত্র: ইউনিয়ন পরিষদসমূহ, ২০১৪

যোগাযোগ ও পরিবহনের মাধ্যম

মীরসরাই উপজেলায় যোগাযোগের জন্য রেল ষ্টেশন ৪টি, পাকা রাস্তা ২০৩.২৪ কিঃমিঃ, অর্ধ পাকা রাস্তা ১৩৬.২৭ কিঃমিঃ এবং কাঁচা রাস্তা ১৬০৫.২০কিঃমিঃ। এ সমস্ত রেল ষ্টেশন ও রাস্তা-ঘাট দুর্যোগের সময় বিভিন্নভাবে ব্যবহৃত হয়ে থাকে।

বন ও বনায়ন

মীরসরাই উপজেলায় সাহেরখালী ইউনিয়নের উপকূলীয় বনাঞ্চল ও করেরহাট ইউনিয়নের করেরহাট বনাঞ্চল রয়েছে।

১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু

এই উপজেলার বার্ষিক বৃষ্টিপাত গড় ৪৫ ইঞ্চির নীচে। এতদসত্বেও এই হার পরিবর্তনশীল অর্থাৎ কিছুটা উঠানামা করে। চরম উষ্ণ আবহাওয়া, মাত্রাধিক্য আর্দ্রতা, মাঝারি বৃষ্টিপাত এবং ঋতু বৈচিত্র্যতার সমারহের কারনে এই স্থানকে গ্রীষ্মীয় মৌসুমী এলাকার আদর্শ স্থান বলে আখ্যায়িত করলেও অত্যুক্তি হবে না। গ্রীষ্মের সুচনা হয় এপ্রিল এবং মে মাসের দিকে। তখন সর্বোচ্চ তাপমাত্রা ৯০ ডিগ্রী ফারেনহাইট এবং সর্বনিম্ন গড় তাপমাত্রা ৬৫ ডিগ্রী ফারেনহাইট থাকে। এলাকার সর্বোচ্চ তাপমাত্রা বলতে এপ্রিল, মে এবং জুন মাসের প্রথমার্ধের তাপমাত্রাকে এবং সর্বনিম্ন তাপমাত্রা জানুয়ারী মাসের মধ্যে সীমাবদ্ধ। সর্বোচ্চ তাপমাত্রা গড় ৭৬ ডিগ্রী ফারেন হাইট এবং সর্বনিম্ন গড় তাপমাত্রা ৩০ ডিগ্রী ফারেনহাইট।

বৃষ্টিপাতের ধারা

মীরসরাই উপজেলায় বৃষ্টি তুলনামুলক বেশী হয়। সিলেট, চট্টগ্রাম, নোয়াখালীর মতো অঞ্চলসমূহে বৃষ্টিপাতের বার্ষিক গড় যেখানে ১০০(একশ) ইঞ্চির উর্ধ্বে। সেখানে মীরসরাই উপজেলায় গড় বৃষ্টিপাতের পরিমান প্রায় ২২৮ ডিগ্রী সে.মি।

তাপমাত্রা

মীরসরাই উপজেলায় ডিসেম্বর ও জানুয়ারী মাসের গড় তাপমাত্রা থাকে ৬-৯ ডিগ্রী সেলসিয়াস এবং এপ্রিল- মে মাসে তাপমাত্রা থাকে সর্বোচ্চ ৩৭-৪১ ডিগ্রী সেলসিয়াস । বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, চট্টগ্রামের এর তথ্য মতে মীরসরাই উপজেলায় গড় তাপমাত্রা প্রায় ৩০-৩৫ ডিগ্রী সেলসিয়াস পর্যন্ত দেখা যায়।

১.৪.৪ অন্যান্য

ভূমি ও ভূমির ব্যবহার

মীরসরাই উপজেলায় ৯৮ টি মৌজা, ০৮ টি ইউনিয়ন ভূমি অফিস। এ উপজেলায় ১৬১৭.১৫ একর মোট খাস জমি, ১২২৯.২৯ একর কৃষি, ৩৮৭.৮৬ একর অকৃষি ও ১২২৯.২৯ একর বন্দোবস্তযোগ্য কৃষি

কৃষি ও খাদ্য

মীরসরাই উপজেলায় মোট জমির পরিমান ৪৪৫৬৭ হেক্টর যার মধ্যে নীট ফসলী জমি ২৫৫০৫ হেক্টর, মোট ফসলী জমি ২৫৯১১ হেক্টর, এক ফসলী জমি ৭১২৫ হেক্টর, দোফসলী জমি ১৪১৭০ হেক্টর এবং তিন ফসলী জমি ৪২১০ হেক্টর। এ উপজেলায় গভীর নলকূপ ৯৯০টি। এ উপজেলায় **ধান**, **সরিষা**, **মটরশুটি**, **আলু**, **বেগুন**, **পটল**, **কচু**, **কলা**, **লাল পেঁয়াজ**, **হলুদ প্রভৃতি শষ্য উৎপাদিত হয়। এ উপজেলায়** প্রধান ফল হল আম, লেবু, কাঁঠাল, পেঁপে, পেয়ারা প্রভৃতি। মীরসরাই উপজেলায় বাৎসরিক খাদ্য চাহিদা ৬৭৮৩৬ মেট্রিক টন।

মৎস্য ও প্রাণিসম্পদ

মীরসরাই উপজেলায় ১৩,৮০০ টি পুকুর, ১টি সরকারী হ্যাচারী, ১টি বেসরকারী হ্যাচারী রয়েছে। এ উপজেলায় প্রতি বছর মাছের চাহিদা ৯,৩০১ মে.ট. কিন্তু চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলাটি **মৎস্য** চাষের জন্য খুবই উপযোগী হাওয়ায় এ অঞ্চলে প্রতি বছর মৎস্য উৎপাদন এর পরিমান ২০,৭৮২ মে.ট. ফলে প্রতিবছর চাহিদা পূরণের পর উদ্বৃত থাকে ১১,৪৮১ মে. টন। এ উপজেলায় ১ টি উপজেলা পশু চিকিৎসা কেন্দ্র, ১ জন পশু ডাক্তার, ১ টি কৃত্রিম প্রজনন কেন্দ্র, ২ টি পয়েন্ট, ২৯৫ টি উন্নত মুরগীর খামার, ৩৫টি লেয়ার ৮০০ মুরগীর খামার, ২৬ টি গবাদির পশুর খামার, ২৬২টি ব্রয়লার মুরগীর খামার, ০৫টি ব্রিডার ফার্ম, ০৫টি ব্রিডার ফার্ম, ০৮টি কৃত্রিম প্রজনন স্বেচ্ছাসেবী রয়েছে।

নদী

মীরসরাই উপজেলা ফেনী নদী ও মুহুরী নদী নদীর তীরে অবস্থিত। এটি একটি বহমান নদী হওয়া সত্বেও বর্তমানে শুষ্ক মৌসুমে নদীর কোথাও কোথাও একেবারেই নাব্যতা থাকে না এবং কোথাও কোথাও একেবারেই শুকিয়ে যায়। এ উপজেলায় ২ টি নদী আছে। বর্ষা মৌসুমে নদীতে ৬৬ কিঃ মিঃ নাব্যতা থাকে, বিলে ৩৫ কিঃ মিঃ নাব্যতা থাকে ও খালে ২২ কিঃ মিঃ নাব্যতা থাকে।

পুকুর

মীরসরাই উপজেলায় পুকুর/ দীঘির সংখ্যা ১৩,৮০০টি (সরকারি বেসরকারিসহ) । এ পুকুরসমূহে বার্ষিক মৎস্য উৎপাদনের পরিমান ১৩০৮৩০ কুইন্টাল। এ পুকুর/ দীঘির আয়তন একত্রে ৬৭৯৭.৭০ একর।

খাল

মীরসরাই উপজেলায় মোট খাল ৫০টি খাল রয়েছে যার দৈর্ঘ্য ১০৭৫.২৫ কিঃ মিঃ।

লবণাক্ততা

মীরসরাই উপজেলার ২৩% লবণাক্ততার প্রবনতা রয়েছে।

আর্সেনিক দুষণ

মীরসরাই উপজেলার আর্সেনিক প্রবনতা ২৩%। এ অঞ্চলের আঞ্চলিক গবেষনাগার সমূহে নির্দিষ্ট ফি প্রদান সাপেক্ষে নলকূপের পানির আর্সেনিক,ক্লোরাইড, আয়রন, ম্যাঙ্গানিজ, পিএইচ মান, ইলেকট্রিক কন্ডাকটিভিটি ইত্যাদি পরীক্ষা ও বিভিন্ন ধরনের বায়োলজিক্যাল পরীক্ষা করা হয়। ফিল্ড কিটস্ এর মাধ্যমে বিনামূল্যে প্রাথমিকভাবে বিভিন্ন ধরনের পানির উৎসের আর্সেনিক,ক্লোরাইড, আয়রন, ম্যাঙ্গানিজ, পিএইচ মান, ইলেকট্রিক কন্ডাকটিভিটি ইত্যাদি পরীক্ষা করা হয়।


MIRSHARAI UPAZILA
Administrative Map
Karerhat
Hinguli
Dhum
Osmanpur
Zorwargonj
Ichhakhali
Durgapur
Katachhara
Mithanala
Mirsharai
MIRSHARAI
Khaiyachhara
Maghadia
Mayani
Saherkhali
Haitkandi
Wahedpur
N
30,000 15,000 0 30,000 60,000
Kilometers
Legend
International Boundary
District Boundary
Upazila Boundary
Union Boundary
Dhum
Durgapur
Haitkandi
Hinguli
Ichhakhali
Karerhat
Katachhara
Khaiyachhara
Maghadia
Mayani
Mirsharai
Mithanala
Osmanpur
Saherkhali
Wahedpur
Zoewargani
Upazila
Union
National Highways
Regional Highways
Zila Road
Upazila Road(Pucca)
Upazilla Road(Katcha)
Union Road (Pucca)
Union Road (Katcha)
Village Road A (Pucca)
Village Road A (Katcha)
Village Road B (Pucca)
Village Road B (Katcha)
Railway Network
Embankment
Small River or Khal
Forest
Water Bodies
Wide River with Sandy Area

দ্বিতীয় অধ্যায়
দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা

২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস

মীরসরাই উপজেলা দুর্যোগ ঝুঁকিসম্পন্ন উপজেলাগুলোর মধ্যে অন্যতম । প্রতি বছরই কোন না কোন দুর্যোগের সন্মুখীন হয় এ উপজেলা। সাইক্লোন, অতিবৃষ্টি, পাহাড়ী ঢল, ভূমি ধ্বস ওঅস্বাভাবিক জোয়ারসহ বিভিন্ন আপদ মানুষের স্বাভাবিক জীবনযাত্রা বিপন্ন এবং সম্পদের ব্যাপক ক্ষতি সাধন করে। ভারত থেকে নেমে আসা পাহাড়ি ঢলের পানির চাপে খাল-বিলের মাধ্যমে পানি এসে ফেনী ও মুহুরী নদীর দুকুল ভাসিয়ে বন্যার সৃষ্টি করে। নদীর গভীরতা কম যার ফলে শুষ্ক মৌসুমে খরার সৃষ্টি হয়। কালবৈশাখীর কারণে কৃষিজ ফসল ও ঘরবাড়ি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয় এবং অসংখ্য মানুষ আশ্রয়হীন হয়ে পড়ে। নদীভাঙ্গনের কারণে কৃষি ফসল, ঘরবাড়ী, রাস্তাঘাটসহ জনজীবন বিপর্যস্ত হয়ে পড়ে। বৃক্ষনিধন, জনসংখ্যা বৃদ্ধি ও পরিবেশের ভারসাম্যহীনতার কারণে মীরসরাই উপজেলা দুর্যোগ কবলিত হতে পারে। দুর্যোগে ক্ষতির পরিমাণ, ঘটার সময়কাল এবং ক্ষতিগ্রস্ত খাতসমূহ ছক আকারে নিম্নে দেয়া হলোঃ

টেবিল ২.১: দুর্যোগের নাম, বছর, ক্ষতির পরিমান ও খাত

দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমাণ	কোন কোন খাত উপাদানক্ষতি/ গ্রস্থ হয়
সাইক্লোন	১৯৮৮, ১৯৯২, ১৯৯৭	বেশি	কৃষি, মানব সম্পদ, গাছপালা
	১৯৯৫, ২০০৫	মাঝারি	মৎস্য, গবাদিপশু
অতিবৃষ্টি	১৯৭৯, ১৯৮২, ১৯৯২, ২০১০	বেশি	কৃষি, মৎস্য, মানব সম্পদ
	১৯৯৪, ১৯৯৬, ১৯৯৯, ২০০৪, ২০০৬	মাঝারি	অবকাঠামো, গাছপালা, গবাদিপশু
পাহাড়ী ঢল	১৯৮৫, ১৯৮৮, ১৯৯৪, ১৯৯৮, ২০০০, ২০১০	বেশি	কৃষি, অবকাঠামো
	১৯৮৭, ১৯৯৯, ২০০৪, ২০০৫, ২০০৬	মাঝারি	গবাদিপশু, গাছপালা
ভূমি ধ্বস	১৯৮৭, ১৯৮৮, ১৯৯০, ১৯৯২	বেশি	কৃষি, গবাদিপশু, মানব সম্পদ
	১৯৯৮, ২০০২, ২০০৩	মাঝারি	অবকাঠামো, গাছপালা

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২.২ আপদসমুহ

আপদ একটি অস্বাভাবিক ঘটনা, যা প্রাকৃতিক, মানবসৃষ্ট কারিগরি ত্রুটির কারনে ঘটতে পারে এবং মানুষের জীবন ও জীবিকার ব্যাপক ক্ষতি সাধন করতে পারে। মীরসরাই উপজেলাটির মধ্য দিয়ে ফেনী ও মুহুরী নদী প্রবাহিত হয়েছে। ভৌগোলিক কারনে অঞ্চলটি পূর্ব থেকেই রুক্ষ কিন্তু জলবায়ু পরিবর্তন জনিত কারনে সময়ের সাপেক্ষে তা সহনিয়তা হারাচ্ছে। অনিয়মিত পানি প্রবাহ, প্রবল জোয়ারের পানি, জলবায়ুর পরিবর্তন প্রভৃতি কারনে জনজীবনে নেমে আসছে জন দুর্ভোগ। যে আপদগুলো এ দুর্ভোগের জন্য দায়ী এবং জনজীবনে ক্ষয়ক্ষতির অগ্রাধিকার ভিত্তিতে নিম্নে দেওয়া হল:

টেবিল ২.২: আপদ ও আপদের অগ্রাধিকার

উপজেলার সকল ইউনিয়নের সম্মিলিত আপদ সমূহ		উপজেলার চিহ্নিত আপদ সমূহ ও আপদের অগ্রাধিকার
প্রকৃতি সৃষ্ট আপদ		**১. সাইক্লোন**
১. সাইক্লোন	১১. ভূমিকম্প	**২. অতিবৃষ্টি**
২. অতিবৃষ্টি	১২. লু-হাওয়া	**৩. পাহাড়ী ঢল**
৩. পাহাড়ী ঢল	১৩. জলাবদ্ধতা	**৪. ভূমি ধ্বস**
৪. ভূমি ধ্বস	১৪. অনাবৃষ্টি	

উপজেলার সকল ইউনিয়নের সম্মিলিত আপদ সমূহ		উপজেলার চিহ্নিত আপদ সমূহ ও আপদের অগ্রাধিকার
৫. জলোচ্ছাস ৬.অস্বাভাবিকজোয়ার ৭. নদীভাঙ্গন ৮. ঝড় ৯. বন্যা ১০. আর্সেনিক	১৫. টর্নেডো ১৬. শিলাবৃষ্টি ১৭. বজ্রপাত ১৮. ইঁদুরের আক্রমণ ১৯. ফসলে পোকার আক্রমণ	**৫. জলোচ্ছাস** **৬. অস্বাভাবিক জোয়ার**
মানবসৃষ্ট আপদ		
২০. অগ্নিকান্ড ২১. অপরিকল্পিত অবকাঠামো স্থাপন	২২. ভূমি দখল ২৩. চালকল থেকে নির্গত ধানের চিটা	

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যৎ চিত্রের বিস্তারিত বর্ননা

১. সাইক্লোন

মীরসরাই উপজেলা ব্যাপক মাত্রায় সাইক্লোন কবলিত একটি এলাকা। আষাঢ় মাস হতে কার্তিক মাস পর্যন্ত এ এলাকায় সাইক্লোন আঘাত হানতে পারে। যার ফলে এলাকায় কৃষি, মৎস্য, অবকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতের ব্যাপক ক্ষতি সাধন হয়। প্রায় প্রতি বছর সাইক্লোন হলেও ১৯৮৮, ১৯৯২, ১৯৯৭, ১৯৯৫ ও ২০০৫ সালের সাইক্লোন ছিল ভয়াবহ।

২. অতিবৃষ্টি

মীরসরাই উপজেলায় লোকেদের মতে, এ এলাকার বৃষ্টিপাতের ধারার পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। মীরসরাই উপজেলায় কয়েক বছর আগেও আষাঢ় শ্রাবন মাসে প্রচুর বৃষ্টিপাত হতো, কিন্তু বর্তমানে অতি মাত্রায় বৃষ্টিপাত চোখে পড়ে। আগের চেয়ে বর্তমানে বৃষ্টিপাতের পরিমান অনেক বেড়ে গেছে এবং আবহাওয়ার একটা বিরূপ প্রতিক্রিয়া লক্ষ্য করা যাচ্ছে। যার ফলে ফসলের ব্যাপক ক্ষতি সাধিত হয়।

৩. পাহাড়ী ঢল

মীরসরাই উপজেলার লোকদের নিত্য সঙ্গী হলো পাহাড়ী ঢল। পাহাড়ী ঢল দিনদিন বেড়েই চলেছে। কারণ হিসাবে তারা বলেছে যে জলবায়ু পরিবর্তনের ফলে এরুপ ভয়াবহ পাহাড়ী ঢলের সৃষ্টি হচ্ছে। উপজেলাবাসী জানায় এভাবে চলতে থাকলে আরও বেশী কিছু এলাকা বিলীন হয়ে যাবে এবং মানুষের দুর্দশা বেড়েই চলবে।

৪. ভূমি ধ্বস

মীরসরাই উপজেলায় প্রতি বছর ভূমি ধ্বসের শত শত বিঘা কৃষি জমি, বাগান এমনকি বসত ভিটা পর্যন্ত বিলিন হয়ে যাচ্ছে। এ ভাবে ভূমি ধ্বস চলতে থাকলে আগামী কয়েক বছরের মধ্যে এ উপজেলার দুই-তৃতীয়াংশ ভূমি নদী গর্ভে বিলিন হয়ে যাবে। ফলে মানুষের বসবাসের অনুপযোগী হয়ে পড়বে।

৫. জলোচ্ছাস

জলবায়ু বিপর্যয়ের ফলে মীরসরাইর ফেনী ও মুহুরী নদীতে জলোচ্ছাসের প্রবনতা অনেক বেড়ে গেছে। এই অতি মাত্রায় জলোচ্ছাসে মীরসরাইয়ের বিভিন্ন এলাকা পানিতে প্লাবিত থাকে ফলে কৃষি কাজ ও বসবাসের একেবারেই অনুপযোগী হয়ে পড়ে।

৬. অস্বাভাবিক জোয়ার

জলবায়ু বিপর্যয়ের ফলে ফেনী ও মুহুরী নদীতে জোয়ারের অস্বাভাবিক পরিবর্তন লক্ষ্য করা যায়। বৈশাখ, জৈষ্ঠ্য, আষাঢ় ও শ্রাবন মাসে নদীতে পানির এই অস্বাভাবিক পরিবর্তন লক্ষ্য করা যায়। নদীতে জোয়ারের পানির অস্বাভাবিক ভাবে বেড়ে গেলে সৃষ্টি হয় নদীভাঙ্গনের ফলে মানুষের দূর্ভোগের শেষ থাকে না।

২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা

কোন জনগোষ্ঠীর বা তার অংশের (ব্যক্তি বা পরিবার) কোন এক বা একাধিক সুনির্দিষ্ট আপদে আক্রান্ত বা সম্ভবনা এবং ঐ আপদ সংগঠনের ফলে সমাজ ও ব্যক্তির জীবনযাপনের বিভিন্ন ক্ষেত্রে ক্ষয়ক্ষতির সম্ভাব্য মাত্রা। উঠান বৈঠক ও বিভিন্ন তথ্য উপাত্ত বিশ্লেষন করে মীরসরাই উপজেলার সাইক্লোন, অতিবৃষ্টি, পাহাড়ী ঢল, ভূমি ধ্বস ও অস্বাভাবিক জোয়ারসহ প্রভৃতি আপদগুলোর প্রভাবে বিপদাপন্ন হচ্ছে উপজেলার প্রায় এক-তৃতীয়াংশ জনগোষ্ঠী। এছাড়াও প্রাণীকুল, মৎস্য সম্পদ এবং অবকাঠামোগুলোও বিপদাপন্নের বাইরে নয়। আপদ নিরুপনের উদ্দেশ্য হচ্ছে কোন একটি নির্দিষ্ট আপদ সংঘটনের আশঙ্কা, কোন নির্দিষ্ট সময়ে তা ঘটতে পারে, এর তীব্রতা কতটুকু হতে পারে, এর দ্বারা কতখানি অঞ্চল আক্রান্ত হতে পারে তাই এই বিপদাপন্ন জনগোষ্ঠী আপদ চিহ্নিত করে তাদের নিজস্ব পদ্ধতি ব্যবহার করে সক্ষমতা অর্জনের চেষ্টা করে চলেছে প্রতিনিয়ত। এখানে বিপদাপন্নতা বলতে বোঝায় বস্তুগত, আর্থ-সামাজিক এবং পরিবেশগত বিদ্যমান অবস্থা, যা দুর্যোগের ক্ষয়ক্ষতির আশংকার ইঙ্গিত দেয় এবং যা মোকাবিলা করায় জনগোষ্ঠী অসমর্থ হয়ে থাকে এবং সক্ষমতা হলো প্রাকৃতিক, সামাজিক, অর্থনৈতিক, পরিবেশ ইত্যাদির সমন্বয়ে সৃষ্ট সামগ্রিক অবস্থা বা প্রক্রিয়া, যা মানুষ বা কোন সংস্থা/প্রতিষ্ঠান তার বিদ্যমান সম্পদের ব্যবহারের মাধ্যমে দুর্যোগের প্রতিকুল অবস্থার সর্বোচ্চ মোকাবিলা করে এবং দুর্যোগের ফলাফলের ভয়াবহতাকে হ্রাস করে। **কোন কোন এলাকা কি কি কারনে কিভাবে বিপদাপন্ন তা সংক্ষিপ্ত ভাবে নিম্নে দেখানো হল**:-

টেবিল ২.৩: আপদ ভিত্তিক বিপদাপন্নতা ও সক্ষমতা

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
সাইক্লোন	-দুর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসত ভিটা হওয়ায় সাইক্লোন ক্ষতি হয় -বসত-বাড়ীর চারপাশে ঝোপ-ঝাড় জাতীয় গাছপালা না থাকা এবং বড় বৃক্ষ থাকায় সাইক্লোন গাছ ক্ষতিগ্রস্থ হয়ে বসত-বাড়ী নষ্ট করে দেয়। -দুর্বল স্যানিটেশন (কাঁচা) থাকার ফলে সাইক্লোন তা ক্ষতিগ্রস্থ হয়। -পশু-পাখির ঘূর্ণীঝড় সহনশীল আবাসস্থল না থাকায় সাইক্লোন ক্ষতিগ্রস্থ হয়। -পর্যাপ্ত আশ্রয়কেন্দ্র না থাকায় সাইক্লোনে জীবন নাশ হয়। -কিল্লা না থাকায় সাইক্লোনের সময় পশুপাখি ক্ষতিগ্রস্থ হয়। সাইক্লোন নারী, শিশু ও প্রতিবন্ধীরা বেশী ক্ষতিগ্রস্থ হয়।	-মীরসরাই উপজেলা ১৩০ হেক্টর বনায়ন রয়েছে। -ঘর-বাড়ী গুলো ঘূর্ণীঝড় সহনশীল হওয়ার সুযোগ আছে। -বসত বাড়ীর চারপাশে সাইক্লোনর প্রবল বাতাস প্রতিরোধ করার জন্য ঝোপ-ঝাড় বিশিষ্ট বনজ/ ফলদ গাছ লাগানোর সুযোগ আছে। -নদী বেষ্টিত বাঁধ গুলো ব্লক ফেলে মজবুত করার সুযোগ আছে এবং বাধের ও রাস্তার দু-পাশে গাছ লাগানোর সুযোগ আছে। -স্যানিটেশন মজবুত করার সুযোগ আছে। -আশ্রয়কেন্দ্র ও কিল্লা নির্মানের জন্য খাস জমি আছে। -পশুদের (গরু, ছাগল, মহিষ, ভেড়া) জন্য মজবুত আবাসস্থল নির্মান করার সুযোগ আছে। -মীরসরাই উপজেলায় ইউনিয়ন ভিত্তিক দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও স্বেচ্ছাসেবক দল আছে।
অতিবৃষ্টি	-জলবায়ুর পরিবর্তন	-জলবায়ুর পরিবর্তন সম্পর্কে সবাইকে সচেতন হতে হবে। -সরকার ও এজিওদের সাড়াপ্রদান
পাহাড়ী ঢল	-জলবায়ুর পরিবর্তন -	-জলবায়ুর পরিবর্তন সম্পর্কে সবাইকে সচেতন হতে হবে। -সরকার ও এজিওদের সাড়াপ্রদান

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
ভূমি ধ্বস	-জলবায়ুর পরিবর্তন -অবৈধভাবে পাহাড় কাটা	-জলবায়ুর পরিবর্তন সম্পর্কে সবাইকে সচেতন হতে হবে। - চুরি করে বা অবৈধভাবে পাহাড় কাটা থেকে বিরত থাকা। -সরকার ও এজিওদের সাড়াপ্রদান
জলোচ্ছ্বাস	-জলবায়ুর পরিবর্তন -অতিরিক্ত বরফ গলা -সমুদ্র পৃষ্ঠ উচু হাওয়া	-সরকার ও এজিওদের সাড়াপ্রদান
অস্বাভাবিক জোয়ার	-জলবায়ুর পরিবর্তন -অতিরিক্ত বরফ গলা	-জলবায়ুর পরিবর্তনের দিকে লক্ষ্য রেখে বেশী বেশী গাছ লাগানোর সুযোগ আছে। -সরকার ও এজিওদের সাড়াপ্রদান

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা

মীরসরাই উপজেলায় ভৌগোলিক অবস্থানগত কারনে প্রায় প্রতি বছর সাইক্লোন, অতিবৃষ্টি, পাহাড়ী ঢল ও জলোচ্ছাসের মত ভয়াবহ দুর্যোগের সমুখীন হতে হয়। ফলে বিপদাপন্ন হয় এ উপজেলার সকল জনগোষ্ঠী, প্রাণীকুল, মৎস্য সম্পদ এবং অবকাঠামো। আবার পাহাড় থেকে নেমে আসা আকস্মিক বন্যায় ভেসে যায় কৃষি জমি, গাছপালা, মৎস্য, প্রাণী এবং অবকাঠামো। আবার কখনোবা জলোচ্ছাসে গৃহহারা হয় ফেনী ও মুহরী নদীর তীরবর্তী মানুষ। উপজেলার সব স্থানের বিপদাপন্নতা সমান নয় তাই আপদের ভিত্তিতে সর্বাধিক বিপদাপন্ন এলাকা, বিপদাপন্নের কারন ও বিপদাপন্ন জনসংখ্যা নিম্নোক্ত টেবিলের মাধ্যমে দেওয়া হল:

টেবিল ২.৪: আপদ ভিত্তিতে সর্বাধিক বিপদাপন্ন এলাকা, কারণ ও বিপদাপন্ন জনসংখ্যা

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
সাইক্লোন	ধুম, ওসমানপুর, সাহেরখালী, হাইতকান্দি, ওয়াহেদপুর ও মীরসরাই ইউনিয়নের পশ্চিম পাশ দিয়ে সাইক্লোনের প্রবনতা বেশী।	উপজেলার কৃষি, মৎস্য, অবকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতের ব্যাপক ক্ষতি সাধন হয়।	৮০৩৬৭ জন (আনুমানিক)
অতিবৃষ্টি	হাইতকান্দি, ধুম, ওসমানপুর, জোরারগঞ্জ, মিঠানালা, মীরসরাই, মঘাদিয়া, মায়ানী, সাহেরখালী ও ওয়াহেদপুর ইউনিয়নে বৃষ্টিপাতের প্রবনতা বেশী।	উপজেলার কৃষি, মৎস্য, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতের ব্যাপক ক্ষতি সাধন হয়।	১১২৩৬৪ জন (আনুমানিক)
পাহাড়ী ঢল	জোরারগঞ্জ, মিঠানালা ও মীরসরাই ইউনিয়নে পাহাড়ী ঢলের প্রবনতা বেশী।	উপজেলার কৃষি, অবকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতের ব্যাপক ক্ষতি সাধন হয়।	৪৮৪৬৫ জন (আনুমানিক)
ভূমি ধ্বস	ওসমানপুর, ইছাখালী ও কাটাছড়া ইউনিয়নে ভূমি ধ্বসের প্রবনতা বেশী।	প্রায় প্রতি বছর এই এলাকা গুলোতে ভূমি ধ্বসের কারনে হাজার হাজার একর আবাদি জমি নষ্ট হয়ে যাচ্ছে। নিঃস্ব হয়ে যাচ্ছে অনেক মানুষ। এছাড়াও কৃষি, মৎস্য ও মানব সম্পদের ক্ষতি হয়ে থাকে।	১২০৪৭৭ জন (আনুমানিক)

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
জলোচ্ছ্বাস	ওসমানপুর, মিঠানালা, মীরসরাই, সাহেরখালী, হাইতকান্দি ও ওয়াহেদপুর ইউনিয়নে জলোচ্ছ্বাসের প্রবনতা বেশী।	জলোচ্ছ্বাসের কারনে এখানে প্রচুর কৃষি জমি নদীগর্ভে পতিত হচ্ছে। ফলে কৃষি, মৎস্য, মানব সম্পদের ক্ষতি হয়ে থাকে।	৬৭৫৩২ জন (আনুমানিক)
অস্বাভাবিক জোয়ার	মিঠানালা, মায়ানী, সাহেরখালী ও হাইতকান্দি ইউনিয়নে অস্বাভাবিক জোয়ারে ক্ষতির প্রবনতা দেখা যায়।	মীরসরাইর মধ্যে এই এলাকাগুলোতে অস্বাভাবিক জোয়ারের পানি সবচেয়ে বেশী ক্ষতি করে।	৫৯৬৭৪ জন (আনুমানিক)

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমুহ

মীরসরাই উপজেলাটি কৃষি ভিত্তিক উৎপাদন নির্ভর। এ উপজেলার অর্থনীতি কৃষির উপর নির্ভরশীল। তাই উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে কৃষিকে প্রাধান্য দিলেও আপদ ও ঝুঁকি হ্রাসের জন্য মৎস, প্রাণী, স্বাস্থ্য, জীবিকা, অবকাঠামো সব দিকেই উন্নয়ন প্রয়োজন। নিম্নে টেবিলের মাধ্যমে বিস্তারিত ভাবে আলোচনা করা হল:

টেবিল ২.৫: উন্নয়নের খাত ও দুর্যোগ ঝুঁকি হ্রাসের সাথে সমন্বয়

প্রধান খাতসমুহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুঁকিহ্রাসের সাথে সমন্বয়
কৃষি	মীরসরাই উপজেলাতে মোট ১৬৪৫৪ হেক্টর জমিতে ১০৫০০৯ মেট্রিক টন ফসল উৎপাদিত হয়। মোট চাহিদা পূরণ করে ৬৩১৮১ মেট্রিক টন ফসল উদ্বৃত থাকে যা মীরসরাই উপজেলার অর্থনীতির জন্য বিরাট সাফল্য বয়ে আনে। ফলে নতুন চাষীরা উদ্যোগী হয়ে কৃষিতে এগিয়ে আসবে। তাই মীরসরাই উপজেলায় কৃষিসম্পদ, উন্নয়ন পরিকল্পনার অন্যতম প্রধান খাত হিসাবে বিবেচিত।	মীরসরাই উপজেলায় ৭৫% মানুষ কৃষিকাজের উপর নির্ভরশীল যার মধ্যে দিনমজুর ৩০%, ক্ষুদে কৃষক শ্রেণী ২৫%, মাঝারি কৃষক শ্রেণী ১৫%, বড় কৃষক শ্রেণী ৫%। আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি সাইক্লোন, অতিবৃষ্টি, পাহাড়ী ঢল, ভূমি ধ্বস ও অস্বাভাবিক জোয়ার হয়, তাহলে কৃষিজ ফসল নষ্ট হয়ে কৃষকরা আর্থিক ক্ষতির সম্মুখীন হবে, তাই দুর্যোগ ঝুঁকি হ্রাসের সাথে সমন্বয়ের জন্য মীরসরাই উপজেলার কৃষিতে আরো আধুনিকায়ন প্রয়োজন। যার ফলে মীরসরাই উপজেলার কৃষি সম্প্রসারিত হবে যা কিছুটা দুর্যোগ সহায়ক।
মৎস্য	মীরসরাই উপজেলাতে পুকুর, খাল, নদী ও জলাভূমি মিলে মোট ১০২০ হেক্টর জমিতে মাছ উৎপাদনের জন্য সক্ষম। যা থেকে উপজেলার মানুষ জীবন-জীবিকাসহ অর্থনৈতিক সাফল্য অর্জন করে। এর মাধ্যমে নতুন মৎস্য চাষীরা উদ্যোগী হয়ে মাছ চাষে এগিয়ে আসবে। ফলে মৎস্য সম্পদ দ্বারা উপজেলায় অনেক উন্নয়ন সম্ভব। তাই মীরসরাই উপজেলায় মৎস্যসম্পদ, উন্নয়ন পরিকল্পনার অন্যতম প্রধান খাত হিসাবে গণ্য করা যায়।	আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি অতিবৃষ্টি, খরা হয় তাহলে কৃষি ফসল নষ্ট হয়ে কৃষকরা আর্থিক ক্ষতির সম্মুখীন হবে, সেক্ষেত্রে তারা যদি পাশাপাশি মাছ চাষ করে তাহলে কৃষকরা অনেকটাই ক্ষতির হাত থেকে রক্ষা পাবে। তাছাড়া ধান ও মাছের সমন্বিত চাষ করলে, ধান নষ্ট হলেও মাছের উৎপাদন দুর্যোগ মুহূর্তে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় রাখতে সহায়তা করবে। দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য মাছ চাষের কোন বিকল্প নেই। তাই বলা যায় মৎস্যখাত দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট সমন্বয় সাধন করে।

প্রধান খাতসমুহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুঁকিহ্রাসের সাথে সমন্বয়
পশুসম্পদ	২০-২৫ বছর পূর্বে মীরসরাই উপজেলায় প্রায় প্রতিটি পরিবারে কম বেশি গরু-ছাগল ছিল। বর্তমানে প্রয়োজনীয় চারণভূমি ও গো-খাদ্যের অভাবে পশুসম্পদ অনেক কমে গেছে। বর্তমানে ৪৩টি গবাদিপশুর খামার, ৩৩টি ব্রয়লার মুরগীর খামার, ৭৪৯টি সোনালী মুরগীর খামার, ১২টি হাঁসের খামার এবং ১০টি গরু মোটাতাজাকরণ খামার রয়েছে যা মানুষকে স্বাবলম্বী করে তোলে এবং অর্থনীতিতে ভূমিকা রাখে।	আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি অতিবৃষ্টি, বন্যা হয় তাহলে মৎস্য চাষী ও কৃষকরা অনেকটাই ক্ষতির সম্মুখীন হবে, সেক্ষেত্রে তারা যদি পাশাপাশি পশু পালন করে তাহলে তাৎক্ষণিক আর্থিক ক্ষতির থেকে রক্ষা পাবে। এবং দুর্যোগের মুহূর্তে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় থাকবে। সেজন্য দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য পশুসম্পদের কোন বিকল্প নেই। তাই বলা যায় পশুসম্পদ দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট সমন্বয় সাধন করে।
স্বাস্থ্য	মীরসরাই উপজেলায় ১টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ৫টি স্বাস্থ্য উপ-কেন্দ্র, ১ টি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও ২৬ টি সরকারী ক্লিনিক রয়েছে। এগুলো মীরসরাই উপজেলার মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরনের মাধ্যমে তাদের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখে।	দুর্যোগের ফলে মীরসরাই উপজেলায় রোগব্যাধি বৃদ্ধি পায়, এজন্য স্বাস্থাসেবার আরো আধুনিকায়ন প্রয়োজন যা দুর্যোগ ঝুঁকিহ্রাসের সাথে যথেষ্ট সমন্বয় সাধন করতে সক্ষম হয়।
জীবিকা	মীরসরাই উপজেলায় ৭৫% মানুষ কৃষিকাজে সম্পৃক্ত (দিনমজুর ৩০%, ক্ষুদে কৃষক শ্রেণী ২৫%, মাঝারি কৃষক শ্রেণী ১৫%, বড় কৃষক শ্রেণী ৫%)। এবং ১৫% মানুষ ব্যবসায়ী (আম ব্যবসায়ী ৫%, গুড় ব্যবসায়ী ৩%, কাঁচামাল ব্যবসায়ী ২%, মুদি ব্যবসায়ী ২%, মধ্যস্বত্বভোগী ব্যবসায়ী ২%, বাঁশশিল্পের কর্মী ও কামার ১%)। এছাড়া চাকুরিজীবী রয়েছে ১০%। মীরসরাই উপজেলায় মানুষের জীবিকা ভিন্নরুপ হওয়ায় তাদের অর্থনীতি খুবই সমৃদ্ধশালী। আনুপাতিক হারে এই উপজেলাতে মানুষের অভাব খুবই কম। কারন তারা বেশীরভাগই নির্ভরযোগ্য পেশায় জড়িত। যার ফলে মীরসরাই উপজেলার মানুষের জীবন জীবিকা অনেক উন্নত।	জলবায়ু পরিবর্তনের প্রভাবে মীরসরাই উপজেলায় সাইক্লোন, অতিবৃষ্টি, পাহাড়ী ঢল, ভূমি ধ্বস ও অস্বাভাবিক জোয়ার ইত্যাদি আপদের ফলে দুর্যোগ সংগঠিত হলে কৃষিসম্পদ, মৎস্যসম্পদ, পশুসম্পদ ক্ষতিগ্রস্তসহ মানুষের জীবন জীবিকার উপর ভীষণভাবে প্রভাব পড়ে। কিন্তু মানুষ যদি বিকল্প জীবিকার ব্যবস্থা গ্রহন করে, তাহলে দুর্যোগকালে তাৎক্ষণিক দুর্যোগ মোকাবেলা সম্ভব। এবং দুর্যোগ মুহূর্তে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় থাকবে। তাই দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য বিকল্প জীবিকা ব্যবস্থার কোন বিকল্প নেই। বিকল্প জীবিকা ব্যবস্থা দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট সমন্বয় সাধন করে।
গাছপালা	মীরসরাই উপজেলায় আম চাষের জন্য যথেষ্ট সুনাম আছে। এই উপজেলাতে প্রচুর আমবাগান আছে যার ফলে সবুজে ভরা এ অঞ্চলে গাছপালার কোন কমতি নেই। আমগাছ ছাড়াও এখানে প্রচুর আকাশমনি, শিশু, জামরুল, ইউক্যালিপ্টাস, অর্জুন, আকাশিয়া, বাবলা ও বরই গাছ রয়েছে। মীরসরাই উপজেলায় সরকারিভাবে ৮০ হেক্টর বনায়ন রয়েছে যা মীরসরাই উপজেলার অর্থনীতিতে বিশেষ ভূমিকা পালন করে।	মীরসরাই উপজেলায় জলবায়ু পরিবর্তনের প্রভাবে সাইক্লোন, অতিবৃষ্টি, পাহাড়ী ঢল, ভূমি ধ্বস ও অস্বাভাবিক জোয়ার ইত্যাদি আপদের ফলে দুর্যোগ সংগঠিত হলে কৃষিসম্পদ, মৎস্য সম্পদ, পশুসম্পদ ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া ঝড়ের প্রভাবে প্রচুর ঘরবাড়ী, রাস্তাঘাটসহ প্রচুর অবকাঠামোগত ক্ষতি সাধিত হয়। যা মানুষের জীবন জীবিকার উপর ভীষণভাবে প্রভাব ফেলে এবং পরিবেশ রক্ষা কঠিন হয়ে পড়ে। এসব মোকাবেলার জন্য প্রচুর পরিমানে গাছপালার কোন বিকল্প নেই। তাই মীরসরাই উপজেলায় একটা স্লোগান হওয়া উচিত “প্রচুর পরিমান গাছ লাগান এবং পরিবেশ বাঁচান” যা দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট ভুমিকা পালন করে।

প্রধান খাতসমুহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুঁকিহ্রাসের সাথে সমন্বয়
